

নির্বাহী আদেশ

নিউ ইয়র্ক স্টেটে একটি দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা

যেহেতু, জনস্বাস্থ্য পরিষেবা আইনের ধারা 362 ও 365 (42 U.S.C §§ 362 ও 365 এবং 42 C.F.R. § 71.40 এর বাস্তবায়নযোগ্য বিধিমালা) অনুযায়ী 2 আগস্ট, 2021 তারিখে যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (Center for Disease Control, CDC)-এর ডিরেক্টর কোয়ারেন্টাইনযোগ্য সংক্রামক রোগ বিদ্যমান রয়েছে এমন কোনো দেশ থেকে আসা ব্যক্তিদের প্রবেশ করতে দেওয়ার অধিকার স্থগিত করে একটি জনস্বাস্থ্য বিষয়ক পুনর্মূল্যায়ন ও আদেশ ("টাইটেল 42-এর আদেশ") জারি করেছেন;

যেহেতু, এই টাইটেল 42-এর আদেশ "আওতাভুক্ত অনাগরিকদের" জন্য কানাডা বা মেক্সিকো থেকে ভ্রমণ করে (তাদের নিজের দেশ নির্বিশেষে) যুক্তরাষ্ট্রে অভিবাসন করা নিষিদ্ধ করেছে, যাদেরকে অন্যথায় প্রবেশ করার কোনো বন্দরে অথবা যুক্তরাষ্ট্রের বর্ডার প্যাট্রল স্টেশনে অথবা যুক্তরাষ্ট্রের ভূমি এবং সংলগ্ন উপকূলীয় সীমান্তে জনসমাগমের পরিবেশে নিয়ে যাওয়া হতো;

যেহেতু, টাইটেল 42-এর আদেশ বহাল থাকা স্বত্বেও, বছরের প্রথম কয়েক মাসে তাৎক্ষণিকভাবে আবাসন ও পরিষেবা পাওয়ার চাহিদা নিয়ে বৃহৎ সংখ্যক অভিবাসী নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটে এসে উপস্থিত হয়েছেন: মে মাস পর্যন্ত, নিউ ইয়র্ক সিটি একাই দক্ষিণ সীমান্ত থেকে আসা 36,738 অভিবাসীর জন্য অস্থায়ী আবাসন প্রদান করেছে, যে সংখ্যাটি 2023 সালের জানুয়ারি মাস থেকে 12,279 জন বৃদ্ধি পেয়েছে; এবং মাত্র গত সপ্তাহেই আরো 1,578 জন বৃদ্ধি পেয়েছে।

যেহেতু, 11 মে, 2023 তারিখে টাইটেল 42 আদেশের মেয়াদ শেষ হওয়ার পর থেকে, হাজার হাজার অতিরিক্ত লোক নিউ ইয়র্কে আশ্রয় নিয়েছে, যার মধ্যে 64,000 এর বেশি অভিবাসী কেবল নিউ ইয়র্ক সিটিতে আশ্রয় নিয়েছে;

যেহেতু, নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের মধ্যকার অন্যান্য স্থানীয় সরকারগুলোর যাদের আগমনকারী বিশাল সংখ্যক অভিবাসীর আবাসনের তাৎক্ষণিক মানবিক চাহিদা এবং অন্যান্য মৌলিক চাহিদা পূরণ করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো, ফ্যাসিলিটি এবং সংস্থানসমূহের অভাব রয়েছে তাদেরকে সহায়তা প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ; এবং

যেহেতু, নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটে আশ্রয় প্রার্থী অভিবাসীদের বর্ধিত সংখ্যার কারণে ইতোমধ্যে বৃহৎ আকার ধারণ করা মানবিক সংকটের আরো অবনতি ঘটবে এবং স্থানীয় সরকারগুলো যথোচিতভাবে সাড়া দান করতে অক্ষম এমন দুর্যোগজনিত জরুরি অবস্থা তৈরি হবে বলে আশংকা করা হচ্ছে, যেটি স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য হুমকি হয়ে উঠবে এবং প্রাণহানি বা সম্পত্তি হারানোর কারণ হতে পারে; এবং

এখন, সুতরাং, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নির্বাহী আইনের ধারা 2-B এর অনুচ্ছেদ 28 দ্বারা আমার উপর অর্পিত কৃতিত্বের ভিত্তিতে, স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থা সম্প্রসারণ করছি যেমনটি এক্সিকিউটিভ অর্ডার 28 ও তার উত্তরসূরিতে নির্ধারিত হয়েছে এবং 21 নভেম্বর, 2023 পর্যন্ত এক্সিকিউটিভ অর্ডার 28 এবং তার পরবর্তীতে অন্তর্ভুক্ত শর্তাবলী এবং নিষেধাজ্ঞা চালু রাখছি।

উপরন্তু, নির্বাহী আইনের 2-B অনুচ্ছেদের 29-a ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থায় যেকোনো এজেন্সির যেকোনো সংবিধি, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, নিয়ম, বা প্রবিধান বা তাদের যেকোনো অংশ সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার কর্তৃত্ব দ্বারা, যদি এমন সংবিধি, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, নিয়ম, বা প্রবিধান মানার ফলে দুর্যোগ জরুরি ব্যবস্থা সামাল দেওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ প্রতিরোধ, বাধাগ্রস্ত বা বিলম্বিত করে বা যদি এমন দুর্যোগ সামাল দেওয়ার জন্য সাহায্য সহযোগিতা করার জন্য প্রয়োজন হয়, তাহলে আমি এতদ্বারা এই নির্বাহী আদেশের তারিখ থেকে 2023 সালের 21 নভেম্বর তারিখ পর্যন্ত নিচের স্থগিতাদেশ বা পরিবর্তন ঘোষণা করছি:

- স্টেটের অভিন্ন অগ্নি নিরোধক ও ভবন কোড (State Uniform Fire Prevention and Building Code); স্টেটের শক্তি সংরক্ষণ নির্মাণ কোড (State Energy Conservation Construction Code); নিউ ইয়র্ক সিটি নির্মাণ কোডসমূহ (New York City Construction Codes); নিউ কর সিটি অগ্নি কোড (New York City Fire Code); স্টেটের স্যানিটারি কোড (State Sanitary Code) এবং যেকোনো ও সকল স্থানীয় স্যানিটারি কোড; এবং পূর্বোক্তের প্রশাসন ও প্রয়োগ সংক্রান্ত সকল স্টেট ও স্থানীয় আইন, অর্ডিন্যান্স, নিয়ম, প্রবিধান, ও কোড, যে পরিমাণ অনুমতি প্রয়োজন, একটি অনুমোদিত স্টেটের নির্মাণ অনুমতি প্রদানকারী এজেন্সি দ্বারা অনুমোদনপ্রাপ্ত হলে, এবং স্টেটের সেই নির্মাণ অনুমতি প্রদানকারী এজেন্সি দ্বারা প্রয়োগকৃত নিয়ম ও শর্তাবলী অনুযায়ী, কুইন্স কাউন্টির ক্রিডমোর সাইকিয়াট্রিক সেন্টার ফ্যাসিলিটি অস্থায়ী বসবাসের কোয়ার্টার হিসেবে ব্যবহার ও বাস করার জন্য অনুমোদিত হলো।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবানি শহরে স্টেটের নিজস্ব
সিলমোহর সহ দুই হাজার তেইশ সালের অক্টোবর
মাসের তেইশতম দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব